

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৭৫

(كتاب الحج) على الكتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/২৯. যে ব্যক্তি হজ্জের ইহরাম বেঁধে মক্কায় আসল তার জন্য ত্বওয়াফ ও সায়ীতে কী করা অপরিহার্য।

ما يلزم من طاف بالبيت وسعى من البقاء على الإحرام وترك التحلل

আরবী

حديث عائِشَةَ وَأَسْمَاءَ، عَنْ مُحَمَّد بْنِ عَبْدِ الرَّحْمِن بْنِ نَوْفَلِ الْقُرَشِيِّ، أَنَّهُ سَأَلَ عُرْوَةَ بْنَ الزُّبَيْرِ، فَقَالَ: قَدْ حَجَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَخْبَرَتْنِي عَائِشَةُ أَنَّهُ أَوْلُ شَيْءٍ بَدَأَ بِهِ حِينَ قَدِمَ أَنَّهُ تَوَضَأَ، ثُمَّ طَافَ بِالْبَيْت، ثُمَّ لَمْ تَكُنْ عُمْرَةٌ ثُمَّ عُمَرُ رضي الله عنه، فَكَانَ أَوَّلَ شَيْءٍ بَدَأَ بِهِ الطَّوَافُ بِالْبَيْت ثُمَّ لَمْ تَكُنْ عُمْرَةٌ ثُمَّ عُمَرُ رضي الله عنه، مِثْلُ نَكُنْ عُمْرَةٌ ثُمَّ مُعَاوِيَةُ وَعَبْدُ اللهِ بْنُ عُمْرَ ثُمَّ مَعَ أَبِي، الزَييْرِ بْنِ الْعَوَّامِ، فَكَانَ أَوَّلَ شَيْءٍ بَدَأَ بِهِ الطَّوَافُ بِالْبَيْت ثُمَّ لَمْ تَكُنْ عُمْرَةٌ ثُمَّ مُعَاوِيَةُ وَعَبْدُ اللهِ بْنُ عُمْرَ ثُمَّ حَجَجْتُ مَعَ أَبِي، الزَييْرِ بْنِ الْعَوَّامِ، فَكَانَ أَوَّلَ عُمْرَةٌ ثُمَّ مُعَاوِيَةُ وَعَبْدُ اللهِ بْنُ عُمْرَ ثُمَّ حَجَجْتُ مَعَ أَبِي، الزَييْرِ بْنِ الْعَوَّامِ، فَكَانَ أَوَّلَ شَيْءٍ بَدَأَ بِهِ الطَّوَافُ بِالْبَيْت ثُمَّ لَمْ تَكُنْ عُمْرَةٌ ثُمَّ مَعَاوِيَة وَعَبْدُ اللهِ بْنُ عُمْرَةٌ ثُمَّ رَأَيْتُ الْمُهَاجِرِينَ وَالأَنْصَارَ يَفْعُلُونَ شَيْءٍ بَدَأَ بِهِ الطَّوَافُ بِالْبَيْت ثُمَّ لَمْ تَكُنْ عُمْرَةٌ ثُمَّ رَأَيْتُ الْمُهَاجِرِينَ وَالأَنْفُونَ عَمْرَةٌ ثُمَّ لَمْ يَنْقُضْهَا عُمْرَةً وَهَذَا ابْنُ عُمَرَ عِنْدَهُمْ فَلَا يَسْأَلُونَهُ وَلَا أَيْتُ مُعَلَى الْفَقَالِي بِهِ ثُمَّ لَا يَعِلُونَ وَقَدْ رَأَيْتُ أُمِي وَخَالَتِي حِينَ تَقْدَمَانِ لَا الْمُعَلَى مَلَى الْبَيْت تُمَّ لَا يَعِلُونَ وَقَدْ رَأَيْتُ أُمِي وَخَالَتِي حِينَ تَقْدَمَانِ لَا الْمَنْ وَقُلَانَ بِشَيْءٍ أَوْلَ مِنَ الطَّوَافِ بِالْبَيْت ثُمَّ لَا يَعِلُونَ وَقَدْ رَأَيْتُ أُمِي وَخَالَتِي حِينَ تَقْدَمَانِ لَا يَعْمُرَةٍ فَلَمَّ مُنَ عَلَى اللّهُ وَلَانُ وَقُلَانٌ وَقُلَانٌ وَقُلُانٌ بَعُمْرَةٍ فَلَمَّ مَسَحُوا الرُّكِنَ وَقُدْ أَلْمُ اللّهُ وَالْمَا لَاللّهُ عَلَى اللّهُ الْمَلْمُ وَلَا اللهُ عَلَى الْمَلْمُ وَلَالُ اللهُ عَلَى الْمَلْمُ اللهُ عَلَى اللهُ عَلَى الْمُولَالُ اللهُ عَلَى اللهِ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَل

বাংলা

৭৭৫. মুহাম্মদ ইবনু আবদুর রহমান ইবনু নাওফাল কুরাশী (রহঃ) হতে বর্ণিত। তিনি 'উরওয়া ইবনু যুবাইর (রহঃ)-কে নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর হাজ্জ বিষয়ে জিজ্ঞেস করলেন। তিনি বললেন, নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর হাজ্জ-এর বিষয়টি 'আয়িশাহ্ (রাঃ) আমাকে এরূপে বর্ণনা দিয়েছেন যে, নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম মক্কায় উপনীত হয়ে সর্বপ্রথম উযূ করে বাইতুল্লাহ তাওয়াফ করেন। তা 'উমরাহ'র তাওয়াফ ছিল না। পরে আবু বাকার (রাঃ) হাজ্জ করেছেন, তিনিও হাজ্জের প্রথম কাজ বাইতুল্লাহর তাওয়াফ দ্বারাই শুরুকরতেন, তা 'উমরাহ'র তাওয়াফ ছিল না। তারপর 'উমার (রাঃ)-ও অনুরূপ করতেন। এরপর উসমান (রাঃ) হাজ্জ



করেন। আমি তাঁকেও (হাজ্জের কাজ) বাইতুল্লাহর তাওয়াফ দ্বারাই শুরু করতে দেখেছি, তাঁর এই তাওয়াফও উমরাহ'র তাওয়াফ ছিল না।

মু'আবিয়া এবং আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) (অনুরূপ করেন)। এরপর আমি আমার পিতা যুবাইর ইবনু আওয়াম (রাঃ)-এর সঙ্গে হাজ্জ করলাম। তিনি বাইতুল্লাহর তাওয়াফ হতেই শুরু করেন, আর তার এ তাওয়াফ উমরাহ'র তাওয়াফ ছিল না। মুহাজির ও আনসার সাহাবীগণকে আমি এরূপ করতে দেখেছি। তাদের সে তাওয়াফও উমরাহ'র তাওয়াফ ছিল না। সবশেষে আমি 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-কেও অনুরূপ করতে দেখেছি। তিনিও সে তাওয়াফ 'উমরাহ'র তাওয়াফ হিসেবে করেননি। ইবনু উমর (রাঃ) তো তাঁদের নিকটেই আছেন তার কাছে জেনে নিন না কেন? সাহাবীগণের মধ্যে যারা অতীত হয়ে গেছেন তাঁদের কেউই মসজিদে হারামে প্রবেশ করে বাইতুল্লাহর তাওয়াফ সমাধান করার পূর্বে অন্য কোন কাজ করতেন না এবং তাওয়াফ করে ইহরাম ভঙ্গ করতেন না। আমার মা (আসমা) ও খালা ('আয়িশাহ) (রাঃ)-কে দেখেছি, তাঁরা উভয়ে মাসজিদুল হারামে প্রবেশ করে সর্বপ্রথম তাওয়াফ সমাধা করেন, কিন্তু তাওয়াফ করে ইহরাম ভঙ্গ করেননি।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ : হাজ্ব, অধ্যায় ৭৮, হাঃ ১৬৪১; মুসলিম, পর্ব ১৫: হাজ্ব, অধ্যায় ২৯, হাঃ ১২৩৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবনু 'আবদুর রাহমান ইবনু নাওফাল কুরাশী (রহঃ)

Solution

Discreption

Di

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন